

আনন্দবাজার পত্রিকা

২০ অগ্রহায়ণ ১৪২২ সোমবার ৭ ডিসেম্বর ২০১৫

আন্তর্জাতিক মৃত্তিকা দিবসে সয়েল হেল্থ কার্ড বিলি

নিজস্ব সংবাদদাতা

ঝাড়গ্রাম, ৬ ডিসেম্বর, ২০১৫, ০০:২১:১৬



অনুষ্ঠানে মন্ত্রী সুকুমার হাঁসদা ও জেলা পরিষদের কৃষি-সেচ কর্মাধ্যক্ষ নির্মল ঘোষ। ছবি: দেবরাজ ঘোষ

শনিবার জামবনির কাপগাড়ি এলাকার সেবাতারতী কৃষিবিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আন্তর্জাতিক মৃত্তিকা দিবস (ইন্টারন্যাশনাল সয়েল ডে) পালন করা হল।

এ দিন কৃষিবিজ্ঞান কেন্দ্র প্রাঙ্গণে এক অনুষ্ঠানে জঙ্গলমহলের বেলপাহাড়ি, জামবনি ও লালগড় ব্লকের ২৫৮ জন চাষির হাতে সয়েল হেল্থ কার্ড তুলে দেন আদিবাসী উন্নয়নমন্ত্রী সুকুমার হাঁসদা ও পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের কৃষি-সেচ কর্মাধ্যক্ষ নির্মল ঘোষ। নির্মলবাবু জানান, ২০১৬ সালের মধ্যে জেলা পরিষদের উদ্যোগে জেলার দেড় লক্ষ চাষির হাতে সয়েল কার্ড তুলে দেওয়ার জন্য কৃষিবিজ্ঞান কেন্দ্রের মতো বিভিন্ন সংস্থার সাহায্য নেওয়া হচ্ছে। এই ধরনের কার্ড হাতে থাকলে চাষের খরচ কমবে। ফসলের উত্পাদন বাড়বে।

সেবাতারতী কৃষিবিজ্ঞান কেন্দ্রের কার্যক্রম কো-অর্ডিনেটর তথা বিশিষ্ট কৃষিবিজ্ঞানী অসীমকুমার মাইতি বলেন, “চাষের আগে জমির স্বাস্থ্য সম্পর্কে তথ্য থাকা জরুরি। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই মাটির স্বাস্থ্য পরীক্ষা না করেই চাষ করা হয়। চাষিরা নিজেদের হিসেব মতো সার প্রয়োগ করেন। যা যথাযথ নয়। এর ফলে চাষের খরচ বেড়ে যায়। অনেক ক্ষেত্রে ফলন আশানুরূপ হয় না।” অসীমবাবু জানান, চাষিদের জমির মাটি সংগ্রহ করে গবেষণাগারে পরীক্ষা করার পরে প্রতিটি সয়েল হেল্থ কার্ড তৈরি করা হয়েছে। প্রতিটি কার্ডের রিপোর্টে সংশ্লিষ্ট সব বিষয়ের উল্লেখ রয়েছে। চাষিরা আসন্ন চাষে কী পরিমাণে কোন কোন সার প্রয়োগ করবেন সে বিষয়েও কার্ডে উল্লেখ থাকছে। এর ফলে চাষের খরচ করার পাশাপাশি, ফসলের ফলন অনেক বাড়বে।